

পোল্ট্রি বিচ্ছিন্ন

নিরাপদ পোল্ট্রি ও পোল্ট্রিজাত পণ্যের বাজার উন্নয়ন শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন উপ-প্রকল্প

প্রথম সংস্করণ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ, আরএমপিটি প্রকল্প, কোস্ট ফাউন্ডেশন

প্রকল্পের বিবরণ

পিকেএসএফ এর সহায়তায় এবং কোস্ট ফাউন্ডেশনের মৌখিক উদ্যোগে আরএমটিপি প্রকল্প গত ১৬ আগস্ট ২০২২ হতে ”নিরাপদ পোল্ট্রি ও পোল্ট্রিজাত পণ্যের বাজার উন্নয়ন” শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন উপ-প্রকল্পের কাজ শুরু হয়েছে। কর্তৃবাজার জেলার কর্তৃবাজার সদর ও রামু উপজেলার ১১ টি ইউনিয়নে মোট ৫০০ সার্টিস প্রোভাইডার ও ৯৫০০ পোল্ট্রি খামারী ও এর সহযোগীদের নিয়ে এই উপ-প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে।

পোল্ট্রি ভ্যালু চেইন কমিটির সমন্বয় সভা

কর্তৃবাজার জেলা প্রাণিসম্পদ অধিদপ্তরে আরএমটিপি প্রকল্পের অধীনে ”নিরাপদ পোল্ট্রি ও পোল্ট্রিজাত পণ্যের বাজার উন্নয়ন” শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন উপ-প্রকল্পের আওতায় কর্তৃবাজার জেলা ও উপজেলা প্রাণিসম্পদ কার্যালয়, কর্তৃবাজার পোল্ট্রি এসোসিয়েশন, পোল্ট্রি খামারী, সংশ্লিষ্ট মার্কেট এন্টেরদের নিয়ে একটি ত্রৈমাসিক সমন্বয় সভা কর্তৃবাজার জেলা প্রাণিসম্পদ কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভার সভাপতিত্ব করেন জনাব ডা. সাহাব উদ্দিন, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (অংদাঙ), কর্তৃবাজার। সভায় আরো উপস্থিত ছিলেন জনাব ডা. অসীম বরণ সেন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কর্তৃবাজার সদর ও রামু উপজেলা, কর্তৃবাজারের অন্যতম জাতীয় পুরস্কারপ্রাপ্ত নারী উদ্যোগী ও জাতীয় পোল্ট্রি এসোসিয়েশনের সদস্য নয়ন সেলিনা, পোল্ট্রি এসোসিয়েশনের সভাপতি আবদুল হক, সেক্রেটারি এ্যাড. ফিরোজ আহমেদ, জয়েন্ট সেক্রেটারি আকতার হোসাইন, স্থানীয় বিভিন্ন ফিড, গ্রুপ ও মুরগির বাচ্চার কোম্পানী প্রতিনিধি, স্থানীয় জনপ্রতিনিধি, কর্তৃবাজারের বিভিন্ন বাজারের খুচরা ও পাইকারি ব্যবসায়ী, পোল্ট্রি খামারী প্রযুক্তি। উক্ত সভার পূর্বে কর্তৃবাজার জেলার জন্য একটি পোল্ট্রি ভ্যালু চেইন কমিটি গঠন করা হয় যার প্রায় সকল সদস্যই উক্ত সভায় উপস্থিত ছিলেন।

সভার শুরুতেই সভাপতি সকলকে শুভেচ্ছা জানান ও সকলের পরিচিতি পর্বের মধ্যে দিয়ে সভার আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়। সভার প্রথমেই আরএমটিপি প্রকল্পের সার-সংক্ষেপ উপস্থিত সকলের নিকট তুলে ধরেন। প্রকল্পের আলোচনা শেষে সবাই পোল্ট্রি যায়াগনোষ্ঠিক ল্যাব স্থাপনের উপর খুবই গুরুত্বপূর্ণ করেন এবং জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, কর্তৃবাজার জেলার পোল্ট্রি সেক্টরের সামগ্রিক উন্নয়নের জন্য একটি পোল্ট্রি ডায়াগনোষ্ঠিক ল্যাব এই মুহূর্তে খুব দরকার।

এছাড়াও সভায় কর্তৃবাজার জেলার পোল্ট্রির মাংসের ও ডিমের বাজার ব্যবস্থাপনা নিয়ে বিশদ আলোচনা করা হয়। সভায় পোল্ট্রি এসোসিয়েশন হতে বলা হয় কর্তৃবাজারের বিভিন্ন বাজারে ডিমের বিভিন্ন দর এমনকি একই বাজারে দুই ধরনের দর পরিলক্ষিত হয় যার ফলে ভোক্তারাসহ বিক্রেতারাও খুবই বিপক্ষে পড়েন। আবার ডিমের দর কোন কোন দিন এত কম হয় যে, ব্যবসায়ীরা আর্থিকভাবে ক্ষতির সম্মুখীন হয়। এজন্য উক্ত সভা হতে পোল্ট্রি এসোসিয়েশনের পক্ষ থেকে জোর দাবি জানানো হয় যে, কর্তৃবাজারে ডিমের ”এক বাজার এক দর” করার সিদ্ধান্ত গৃহীত হয়। এজন্য প্রয়োজনে একটি প্রস্তাবনা প্রস্তুত করে জেলা প্রশাসক মহোদয়ের নিকট দাখিল করার ও জেলা প্রশাসক মহোদয়ের মাসিক সমন্বয় সভায় অংশগ্রহণ এর কথা বলা হয়েছে। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এই সেক্টরকে আরো এগিয়ে নিয়ে যাওয়ার জন্য জেলা প্রাণিসম্পদ অফিসের সকল রকমের সহায়তা থাকবে বলে আশ্বাস প্রদান করেন ও কোস্ট ফাউন্ডেশনকে এর সাথে সমন্বয় করে সকল প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কথা ব্যক্ত করেন।

সভার শেষ পর্যায়ে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কর্তৃবাজার জেলার পোল্ট্রি সেক্টরের উন্নয়নে পোল্ট্রি ভ্যালু চেইন কমিটি গঠনকে একটি যুগান্তকারী পদক্ষেপ হিসেবে অভিহিত করেন ও এই কমিটিতে আরো অন্যান্য এসোসিয়েশনের সদস্যদেরকে অন্তর্ভুক্ত করে পরবর্তী সভায় অংশগ্রহণের জন্য বলেন ও সকল সমস্যার সুরু সমাধানে সকলকে একসাথে কাজ করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



সমন্বয় সভার চিত্র; জেলা প্রাণিসম্পদ অফিস, কর্তৃবাজার
ছবি: আমানুল হক, বিডিও, আরএমটিপি পোল্ট্রি

টিকাদান ও কৃমি মুক্তকরণ ক্যাম্পেইন

আরএমটিপি পোল্ট্রি প্রকল্পের আওতায় তেজেয়া, খুরশকুল ইউনিয়নে পিকেএসএফ ও ইফাদের অর্থায়নে কোস্ট ফাউন্ডেশন কর্তৃক ‘নিরাপদ পোল্ট্রি ও পোল্ট্রিজাত পণ্যের বাজার উন্নয়ন’ শীর্ষক ভ্যালু চেইন উন্নয়ন উপ-প্রকল্পের অধীনে মোঃ আনোয়ার, নুরুল আমিন, শাহিনা আক্তার, মোঃ জুয়েল, আবছার কামাল, নুরুল মাহবুবুল, আবদুল্লাহর দেশী ও লেয়ার মুরগীর খামারে মোট ৮ টি টিকাদান ও কৃমি মুক্তকরণ ক্যাম্পেইন বাস্তবায়ন করা হয়। এই ৮ টি ক্যাম্পে মোট ২০০০ দেশী মুরগী ও ৬০০০ লেয়ার মুরগীকে টিকা প্রদান করা হয়। উক্ত ক্যাম্পেইনে প্রকল্পের প্রকল্প ব্যবস্থাপক, বিজনেস ডেভেলপমেন্ট অফিসার ও এল এসপি গণ উপস্থিত ছিলেন। ক্যাম্পেইনে দেশী ও লেয়ার মুরগীকে রাণিক্ষেত্র ও কৃমি মুক্তকরণ এর টিকা প্রদান করা হয়। এতে করে খামারীরা খুবই খুশি এবং এরকম কার্যক্রম আরো বেশি বেশি করে করার জন্য বলেন।



টিকাদান ও কৃমি মুক্তকরণ ক্যাম্পেইন, খুরশকুল
ছবি: শামসুল আমিন, বিডিও, আরএমটিপি পোল্ট্রি